



## Fake product নামী কোম্পানির লেবেল দিয়ে নকল চা, সাবান, তেল বিক্রির হদিশ

Post By : সিএন ওয়েবডেস্ক  
Posted on :2022-01-19 14:24:41

একাধিক নামী কোম্পানির প্রসাধনী সামগ্রীর নকল লেবেল ও বোতল উদ্ধার। ঘটনায় চাঞ্চল্য ছড়াল উঃ ২৪ পরগনার বাদুড়িয়ায়। নিত্যনৈমিত্তিক দ্রব্য যেমন চা, সাবান, টয়লেট ক্লিনার, তেল সহ একাধিক মনিহারি দ্রব্যের নকল স্টিকার লাগানো বোতল উদ্ধার হল বসিরহাটের বাদুড়িয়া থানার চৌরাস্তা এলাকার একটি গোডাউন থেকে।

একটি বেসরকারি গোয়েন্দা সংস্থা ও বাদুড়িয়া থানার ওসি শুভ্র সান্যালের নেতৃত্বে একদল পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালায়। বিপুল পরিমাণ কাঁচামাল ও একাধিক নামী প্রসাধনী সামগ্রীর নকল উদ্ধার করা হয়। যদিও ঘটনায় এখনও পর্যন্ত কাউকে গ্রেফতার করা সম্ভব হয়নি।

উল্লেখ্য, বেশ কিছুদিন ধরে বহুজাতিক সংস্থাগুলির একাধিক দ্রব্যের বিক্রির পরিমাণ বাদুড়িয়ায় হঠাৎ করে কমে গিয়েছিল। তখনই সন্দেহ হয় ওই কোম্পানির আধিকারিকদের। তাঁরা একটি সার্ভে চালিয়ে জানতে পারেন, বাদুড়িয়ার একটি গোডাউন থেকে অবৈধভাবে নকল সামগ্রী তৈরির কাজ চলছে। এদিন সকালে ওই বেসরকারি গোয়েন্দা সংস্থার ইনভেস্টিগেশন অফিসার রঞ্জিত বিশ্বাসের সঙ্গে অভিযান চালিয়ে বাদুড়িয়া পুলিশের এই সাফল্য।

দৈনন্দিন জীবনে যে সমস্ত সামগ্রী সকলে ব্যবহার করেন, তারই নকল রূপ দেখে স্তম্ভিত বাদুড়িয়াবাসীও। ইতিমধ্যে পুলিশের তরফে গোডাউনটিকে সিল করা হয়েছে। যারা এই নকল কারবারের সঙ্গে যুক্ত, তাদের খোঁজে তল্লাশিতে বাদুড়িয়া থানার পুলিশ। উদ্ধার হওয়া সমস্ত সামগ্রী বাজেয়াপ্ত করেছে পুলিশ।

Source: <https://calcuttanews.tv/state/fake-product-arrest>